# জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০১তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও সভাপতি, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ মে, ২০২১ সকাল ১০.০০ টা। |
| সভার স্থান | : | ০১ (এক) নং সম্মেলন কক্ষ, বিএআরসি, ফার্মগেট। |
| সভায় উপস্থিতির তালিকা | : | "পরিশিষ্ট-ক"দ্রষ্টব্য (সরাসরি ও ভার্চুয়াল)। |

সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুরকে অনুরোধ জানান। জনাব আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয়-১: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০০তম সভার কার্যবিবরণী অনুমোদন**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০০তম সভা ১৭ ডিসেম্বর, ২০২০ রোজ বৃহস্পতিবার বিকাল ০২.০০ টায় ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির সভাপতিত্বে বিএআরসি'র ০১ নং সম্মেলন কক্ষ্যে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সির ২৩ ডিসেম্বর, ২০২০ তারিখের ১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০.২৪২২ সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। অদ্যাবধি কোন সদস্যের নিকট থেকে কোন মন্তব্য বা মতামত পাওয়া যায়নি। অদ্যকার সভায় ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী পরিসমর্থনের সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**সিদ্ধান্ত: জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০০তম সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে পরিসমর্থন করা হল।**

**আলোচ্য বিষয়-২: ২০২০-২১ আমন মৌসুমের হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ**

২০২০-২১ আমন মৌসুমের ১৩ (তের)টি বীজ কোম্পানি/প্রতিষ্ঠান হাইব্রিড নিবন্ধনের জন্য ১৮ (আঠার)টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করেছে। যা নিম্নবর্ণিত ছক দুটিতে প্রদর্শণ করা হল।

**১ম বর্ষ-মোট ১০টি:**

| Sl. No | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 1 | Aus-Bangla Agro | Aus-Bangla Hybrid dhan-1 | Bangladesh | 1st Year |
| 2 | ACI ltd | ACI hybrid dhan-21 | Bangladesh | 1st Year |
| 3 | BRAC | BRAC Hybrid dhan- 20 (BHR085) | Bangladesh | 1st Year |
| 4 | Mahyco Agro | MRP-5407 | India | 1st Year |
| 5 | Mahyco Agro | MRP-5409 | India | 1st Year |
| 6 | Syngenta | S-1203 (RH-664) | India | 1st Year |
| 7 | Syngenta | S-1207 (NK-17508) | India | 1st Year |
| 8 | Supreme Seed Company Ltd. | Hira-29 (SHD-9544), Supream Hybrid-19 | Bangladesh | 1st Year |
| 9 | Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd. | Winall Hybride Rice-12 (Win-701) | China | 1st Year |
| 10 | Winall Hi-Tech Seed Co. Bangladesh Ltd. | Winall Hybride Rice-13 (Win-702) | China | 1st Year |

২য় বর্ষ-মোট ০৮টি:

| Sl. No | Seed Institute/Company | Variety Name | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 1 | Ispahani Agro Ltd | Ispahani-10 (IAL-01) | Bangladesh | 2nd Year |
| 2 | BRAC | BRAC Hybrid dhan- 18 (BHR038) | Bangladesh | 2nd Year |
| 3 | 3S Agro Services Limited | MR-8333 | India | 2nd Year |
| 4 | Mitali Enterprise | MR-8383 | India | 2nd Year |
| 5 | Bayer Crop Science | Arize INH16019 (Bayer hybrid dhan-8) | India | 2nd Year |
| 6 | Mitali Agro Seed | Suborno-5 (APN-2112-GOLD) | India | 2nd Year |
| 7 | Tinpata Quality Seeds Bangladesh Ltd | Tinpata Super-4 (BP-669) | China | 2nd Year |
| 8 | Tinpata Quality Seeds Bangladesh Ltd | Tinpata Super-5 (BP-672) | China | 2nd Year |

উক্ত ১৮টি (আঠার) হাইব্রিড জাতের সাথে ১টি চেকজাতসহ ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। কোড নং-H-1431 থেকে H-1449 পর্যন্ত চেকজাতসহ মোট ১৯টি (উনিশ) জাত বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরি পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি বরাবর প্রেরণ করেন। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০১তম সভায় উল্লিখিত হাইব্রিড জাতসমূহের কোড উন্মুক্ত করা হয় এবং উক্ত মাঠ মূল্যায়ন কোডভিত্তিক ফলাফল Computerized mean Performance এর ভিত্তিতে compilation পূর্বক পর্যালোচনা করার জন্য সভায় উপস্থাপন করা হয়।

দ্বিতীয় বর্ষে ট্রায়ালকৃত ৮টি জাতের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, ৩টি জাত ৩টির অধিক স্থানে অনস্টেশন ও অনফার্মে চেক জাত ব্রি হাইব্রিড ধান৬ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় সারাদেশে এবং ১টি জাত ৩টি স্থানে চেক জাত ব্রি হাইব্রিড ধান৬ হতে ৫% হেটারোসিস বেশী হওয়ায় অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হয়েছে।

**সিদ্ধান্ত: ২০১৯-২০ ও ২০২০-২১ আমন মৌসুমে ট্রায়ালকৃত ৮টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৬) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় ৩টি জাত (ব্রাক হাইব্রিড ধান-১৮, "বায়ার হাইব্রিড ধান-৮ এবং তিনপাতা সুপার হাইব্রিড ধান-৫) সারাদেশে ও ১টি জাত (তিনপাতা সুপার হাইব্রিড ধান-৪) অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য সুপারিশ করা হল।**

| | |
|---|---|
| ১.১ | BRAC প্রস্তাবিত নিজস্ব উদ্ভাবিত BRAC hybrid dhan 18 (BHR 038) জাতটি ব্রাক হাইব্রিড ধান-১৮ (BHR 038) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর এই ৪টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ৪(চার)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ২৬.২১, ১৪.৮০, ২০.৫৭, ৪২.০৯ ও ২৭.৩০, ২৩.৮১, ১০.১১ ও ৪২.৯৪ ভাগ বেশি। প্রস্তাবিত ব্রাক হাইব্রিড ধান১৮ (BHR 038) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৬.৬৮ টন/হে. এবং চেক জাতের গড় ফলন ৪.৬৯ টন/হে. পাওয়া যায়। |
| ১.২ | Bayer Crops Science Ltd. ভারত হতে আমদানীকৃত Arize® INH 16019 জাতটি "বায়ার হাইব্রিড ধান-৮ (Arize® INH 16019)" হিসেবে চট্টগ্রাম, খুলনা , রাজশাহী, রংপুর ও বরিশাল এই ৫টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ৫(পাঁচ)টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (heterosis) শতকরা ১৮.৯৯, ২২.৫৬, ৬.৩৫, ৩২.২৬, ৯.৮৩ ও ২০.৫৫, ১৫.৫০, ১১.৩৫, ২৯.৭৫, ১৯.৭৯ ভাগ বেশি। প্রস্তাবিত বায়ার হাইব্রিড ধান-৮ (Arize® INH 16019) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৬.২০ টন/হে. এবং চেক জাতের গড় ফলন ৪.৬৯ টন/হে. পাওয়া যায়। |

| | |
|---|---|
| ১.৩ | Tinpata Quality Seeds Bangladesh Ltd. প্রস্তাবিত চীন হতে সংগৃহীত Tinpata Super-5 (BP-672) জাতটি তিনপাতা সুপার হাইব্রিড ধান-৫ (BP-672) হিসেবে চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও রংপুর এই ৪টি অঞ্চলে পাশ করায় সারাদেশে চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ৪(চার) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ৬.৪৯, ১০.৩৪, ৬.১০, ৪৪.২০ ও ৮.৪১, ২০.৩৬, ৯.৮৩, ১০.৮৯ ভাগ বেশি। প্রস্তাবিত তিনপাতা সুপার হাইব্রিড ধান৫ (BP-672) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৬.১০ টন/হে. এবং চেক জাতের গড় ফলন ৪.৬৯ টন/হে. পাওয়া যায়। |
| ১.৪ | Tinpata Quality Seeds Bangladesh Ltd. প্রস্তাবিত চীন হতে সংগৃহীত Tinpata Super-4 (BP-669) জাতটি তিনপাতা সুপার হাইব্রিড ধান-৪ (BP-669) হিসেবে খুলনা, রংপুর ও বরিশাল এই ৩টি অঞ্চলে পাশ করায় অঞ্চলভিত্তিক চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হল। ৩(তিন) টি অঞ্চলে অনস্টেশন ও অনফার্ম ট্রায়ালে চেক জাতের চেয়ে যথাক্রমে হেটারোসিস (Heterosis) শতকরা ৫.০০, ২৮.৫১, ৯.৪৭ ও ৬.৭১, ২৫.১৫, ১৪.৬৭ ভাগ বেশি। প্রস্তাবিত তিনপাতা সুপার হাইব্রিড ধান৪ (BP-669) এর পাশকৃত অঞ্চলের গড় ফলন ৫.৭৩ টন/হে. এবং চেক জাতের গড় ফলন ৪.৬৯ টন/হে. পাওয়া যায়। |

**আলোচ্য বিষয়-৩: NSB এর ১০৪ তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-৬ অনুযায়ী গত বোরো মৌসুমের হাইব্রিড ধানের ১৯টি জাত নিবন্ধণ**

২০১৯-২০ বোরো মৌসুমের ১৩টি কোম্পানির ১৯টি হাইব্রিড জাতের সাথে ব্রি হাইব্রিড ধান৫ চেকজাত হিসেবে ৩টি সেটে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ২য় ও ৩য় বর্ষের জন্য ট্রায়াল বাস্তবায়ন করা হয় যা নিম্নবর্ণিত ছকে প্রদর্শণ করা হল।

**২য় বর্ষ-মোট ১৭ টি:**

| Sl. No | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 1 | Projapoti (KPHB02) | Bagrow company Ltd | India | 2nd Year |
| 2 | SAVA-23 | 3s Agro services Ltd | India | 2nd Year |
| 3 | SAVA-81 | 3s Agro services Ltd | India | 2nd Year |
| 4 | Partex Hybrid dhan-07 (JKRH-09) | Partex Agro Ltd. | India | 2nd Year |
| 5 | Partex Hybrid dhan-08 (ARBH | Partex Agro Ltd. | India | 2nd Year |
| 6 | ARBH 18030 | Petrochem Agro | India | 2nd Year |
| 7 | LTHR-2 | Lalteer Seed Ltd. | Bangladesh | 2nd Year |
| 8 | LTHR-3 (Tia super-1802) | Lalteer Seed Ltd. | China | 2nd Year |
| 9 | Mollika-1 (FL-210) | Mollika Seed Company | China | 2nd Year |
| 10 | Xplore Hybrid dhan-3 (Indam 300- | Xplore Business Ltd | India | 2nd Year |
| 11 | ACI hybrid dhan-17 (BH81) | ACI Formulation Ltd | Bangladesh | 2nd Year |
| 12 | Supreme hybrid- 27 (Hira-27, RRX-336) | Supreme Seed Co. Ltd. | India | 2nd Year |
| 13 | Bango Raj (Jin you-923) | National Agri Care Import & Export Ltd. | China | 2nd Year |
| 14 | RXEL-45 | Mahyco Bangladesh Ltd. | India | 2nd Year |
| 15 | Mitali Hybrid dhan-4 (Shuborno-4, SHD-1390) | Mitali Agro Seed Industries | Bangladesh | 2nd Year |
| 16 | BRAC hybrid dhan 17 (BHR049) | BRAC | Bangladesh | 2nd Year |
| 17 | Pioneer 27P37 | Petrochem Agro Industries Ltd. | India | 2nd Year |

৩য় বর্ষ-মোট ২টি:

| Sl. No | Variety Name | Seed Institute/Company | Source Country | Remarks |
|---|---|---|---|---|
| 1 | Janak Raj-3 (Q-19) | National Agri Care Hybrid Seed Ltd. | China | 3rd Year |
| 2 | Arize® INH 17144 (Bayer Hybrid-7) | Bayer Crop Science Ltd | India | 3rd Year |

২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৭ টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশী হওয়ায় বোরো মৌসুমে চাষাবাদের জন্য এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ২ টি হাইব্রিড জাতের ১ম, ২য় ও ৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশী হওয়ায় বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে কারিগরি কমিটির ৯৭তম ভার্চুয়াল সভায় সাময়িকভাবে নিবন্ধনের সুপারিশ করা হয়। প্রস্তাবিত ১৯ টি হাইব্রিড জাতের ফলন ৮.৫ টন/হেঃ এর কাছকাছি হওয়ায় আরো যাচাই বাছাই করে সুপারিশ করার জন্য জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটিতে প্রেরণ করা হয় **(পরিশিষ্ট খ)**। সভায় উপস্থিত সদস্যবৃন্দ ১৯ টি হাইব্রিড জাত পূর্ববর্তী ফলাফলের ভিত্তিতেই পূণরায় নিবন্ধনের জন্য একমত পোষণ করেন। সভাপতি মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেন।

**সিদ্ধান্ত: ২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৭ (সতের) টি হাইব্রিড জাতের ১ম ও ২য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় বোরো মৌসুমের চাষাবাদের জন্য এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ২টি হাইব্রিড জাতের ১ম, ২য় ও ৩য় বর্ষের ফলাফলের ভিত্তিতে চেকজাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৫% ফলন বেশি হওয়ায় বোরো মৌসুমের চাষাবাদের জন্য সাময়িকভাবে নিবন্ধনের জন্য পুনরায় জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।**

আলোচ্য বিষয়-৪: বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত ০১ (এক)টি জাত ছাড়করণ

প্রস্তাবিত বিএসআরআই আখ ৪৮ জাতটি ২০০৯ সালে আই ১২.০৩ ক্লোনের স্ব-পরাগায়নের মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে। উদ্ভাবিত ক্লোনটি আই ১১১-১১ হিসেবে প্রাথমিক, অগ্রগামী ও পরপর তিন বৎসর আঞ্চলিক ফলন পরীক্ষায় ইক্ষু জাত ঈশ্বরদী ৩৯ এর সাথে তুলনা করার পর ২০২০ সালে জাত ছাড়করণের জন্য মাঠ মূল্যায়ন করা হয়। জাতের কান্ড (stalk) সোজা, মোটা এবং রং সবুজাভ হলুদ। পর্ব মধ্য (internode) সিলিনড্রিকাল (cylindrical) এবং ওয়াক্স বিদ্যমান। কান্ড শক্ত এবং নিরেট (solid)। পাতা ঝরার দাগ স্পষ্ট এবং আইভরি মার্কিং বিদ্যমান। চোখ (bud) মধ্যমাকৃতির এবং গোলাকার এবং পরিপক্ক চোখের উপরের অংশ গ্রোথ রিং (growth ring) এর নীচে (below growth ring) থাকে। পাতা চওড়া, কিনারা কম ধার যুক্ত ও গাঢ় সবুজ রংয়ের এবং অধিকাংশ পুরাতন পাতা হেলে পড়ে। পাতার খোল (leaf sheath) হালকা সবুজ বর্ণের (greenish purple), কান্ডের সাথে হালকাভাবে লেগে থাকে এবং হুল নেই। ডিউল্যাপ (dewlap) ত্রিকোনাকৃতির (triangular) এবং হালকা বেগুনাভ-লাল (light purple) বর্ণের। ভিতরের অরিকল (inner auricle) ডেলটয়েট (deltoid) ও বাহিরের অরিকল অ্যাসেনডিং ট্রানজিশণাল (ascending transitional) আকৃতির। এ জাতের ইক্ষুতে কদাচিৎ ফুল দেখা যায়।

উক্ত জাতটি ২০২০-২১ সনে ঢাকা, রাজশাহী, খুলনা, ও দিনাজপুর এই চারটি অঞ্চলের ৬টি স্থানে ট্রায়াল বাস্তবায়ন করা হয়। চেকজাত ঈশ্বরদী ৩৯ এর সাথে ৬টি স্থানের মধ্যে ৬টি স্থানেই মাঠ মূল্যায়ন দল কর্তৃক জাতটি ছাড়করণের পক্ষে সুপারিশ করা হয়েছে। ৬টি স্থানের মূল্যায়ন ফলাফল অনুযায়ী প্রস্তাবিত জাতটির গড় ফলন ১২০.৬৯ টন/হেঃ ও জীবনকাল ৩৩১ দিন এবং চেক জাতের গড় ফলন ৯২.৯১ টন/হেঃ ও জীবনকাল ৩৩১ দিন। প্রস্তাবিত জাতটির গড় ব্রিক্স শতকরা ২১.৫৯ ভাগ ও চেক জাতের ব্রিক্স শতকরা ১৯.১৭ ভাগ। প্রস্তাবিত জাতটির আখের গড় ওজন ১.৪৯ কেজি ও চেক জাতের ১.১০ কেজি।

বীজ প্রত্যয়ন এজেন্সীর কন্ট্রোল ফার্মে ২০১৯-২০ ও ২০২০-২১ উৎপাদন বর্ষে পর পর দুই বছর প্রস্তাবিত জাতটির ডিইউএস টেস্ট (DUS Test) সম্পাদন করা হয়।

প্রস্তাবিত জাতটির Plant: Adherence of leaf sheath, Plant: Intensity of green color of leaf canopy, Internode: Shape, Internode: color (exposed to sun), Internode: split/growth crack, Internode: Appearance (rind surface), Node: bud shape, Node: bud prominence, Node: bud cushion, Leaf sheath: shape of inner auricle, Leaf sheath: shape of outer auricle, Leah blade: width longitudinal midpoint, Special feature সহ মোট ১৩টি বৈশিষ্ট্যে চেকজাত ঈশ্বরদী ৩৯ হতে স্বতন্ত্রতা পাওয়া গিয়েছে। ট্রায়ালকৃত ফলাফল প্রতিবেদন পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট প্রস্তাবিত বিএসআরআই আখ৪৮ বিষয়ে উপস্থিত সদস্যগণের মতামত জানতে চান। এ বিষয়ে ড. সমজিৎ কুমার পাল, পরিচালক (গবেষণা), বিএসআরআই বলেন, প্রস্তাবিত জাতটির গড় ফলন, মিষ্টতা এবং গুড় ও চিনি আহরণের হার বেশি। এছাড়া মাড়াইযোগ্য আখের সংখ্যা কম কিন্তু উচ্চতা ও পুরুত্ব বেশি হওয়ায় ফলন বেশি হয়। পাতার ধার কম হওয়ায় আখের মাঠে কৃষকদের পক্ষে কাজ করা সহজ হওয়ায় জনপ্রিয়তা বেশি। প্রস্তাবিত জাতটি জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করার বিষয়ে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত: বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট প্রস্তাবিত আই ১১১-১১ ক্লোনটি বিএসআরআই আখ ৪৮ জাত হিসেবে জাতীয় বীজ বোর্ডে ছাড়করণের জন্য সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয়-৫: NSB এর ১০৪তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-১০ অনুযায়ী এফ১ হাইব্রিড ধান বীজ প্রত্যয়ন পদ্ধতি পুনরায় যাচাই প্রসঙ্গে**

জাতীয় বীজ বোর্ডের ৮০তম সভা ও কারিগরী কমিটির ৮৭তম সভার সিদ্ধান্ত মোতাবেক হাইব্রিড বীজ উৎপাদন প্রত্যয়নের আওতায় আনতে হবে এবং হাইব্রিড বীজের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক নির্ধারিত মাঠমান ও বীজমান অনুসরণ করে এফ১ হাইব্রিড ধানের বীজ প্রত্যয়ন পদ্ধতি পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব করা যেতে পারে।

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৭তম সভার আলোচ্যসূচী ৩ অনুযায়ী এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন বিষয়ে এসসিএ কে সকল স্টেকহোল্ডারদের মতামত নিয়ে কারিগরি কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। সেই মোতাবেক সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে বিগত ১৮/১২/২০১৬ তারিখে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতি শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারের সুপারিশ নিম্নরূপঃ

১। যে সমস্ত হাইব্রিডের জাতের উৎস জানা নেই, সে সমস্ত জাতের ক্ষেত্রে যে দেশ থেকে কোম্পানী/প্রতিষ্ঠান জাতসমূহের প্যারেন্ট লাইন আমদানী করবে সেই দেশের প্রত্যয়ন ট্যাগকে উৎস ধরতে হবে।

২। হাইব্রিড বীজ প্রত্যয়ন ঐচ্ছিক হতে পারে এবং সেমিনারে উপস্হিত এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি পরবর্তী কারিগরি কমিটিতে উপস্হাপনের সুপারিশ রয়েছে।

**জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৭তম সভার সিদ্ধান্ত:**

(ক) জাতীয় বীজ কোর্ড কর্তৃক নির্ধারিত মাঠমান ও বীজমান অনুসরণ করে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হল।

(খ) হাইব্রিড ধানের বীজ প্রত্যয়ন বিষয়টি ঐচ্ছিক হবে।

(গ) যে সমস্ত হাইব্রিডের জাতের উৎস জানা নেই, সে সমস্ত জাতের ক্ষেত্রে যে দেশ থেকে কোম্পানী/প্রতিষ্ঠান জাতসমূহের প্যারেন্ট লাইন আমদানী করবে সেই দেশের প্রত্যয়ন ট্যাগকে উৎস ধরতে হবে।

জাতীয় বীজ বোর্ডের ১০৪তম সভায় এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতি পুনরায় কারিগরি কমিটিতে যাচাই করার সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে সভার সকলের মতামত জানতে চান। এ বিষয়ে ড. মোঃ জাকির হোসেন প্রাক্তন অতিরিক্ত পরিচালক (সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ) বলেন ১৮/১২/২০১৬ তারিখে স্টেকহোল্ডারদের নিয়ে অনুষ্ঠিত সেমিনারে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতি সম্পর্কিত সুপারিশ প্রনয়ণ করা হয়েছে। জাতীয় বীজ বোর্ডে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি পুনরায় অনুমোদনের জন্য পাঠানো যেতে পারে।

**সিদ্ধান্ত: জাতীয় বীজ বোর্ডে এফ-১ হাইব্রিড বীজ প্রত্যয়ন পদ্ধতিটি পুনরায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয়-৬: "নিম্ন উৎপাদনশীল ধানের জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষা কর্মসূচী" এর আওতায় জাত প্রত্যাহারের প্রস্তাবনা**

বীজ আইন, ২০১৮ এর ১৩ নং ধারার ২ উপধারার (খ) অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর অন্যতম একটি কাজ হল, "নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হইবার কারণে কোন জাতের ছাড়করণ বা নিবন্ধন প্রত্যাহারের জন্য জাতীয় বীজ বোর্ডকে পরামর্শ প্রদান"। এর আলোকে বীজ প্রত্যয়ন এজেন্সীর আওতায় 'নিম্ন উৎপাদনশীল ধানের জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষা কর্মসূচী' (এপ্রিল/২০১৮ হতে জুন/২০২০ পর্যন্ত) সমাপ্ত হয়েছে। এ প্রসঙ্গে রওশন আরা বেগম, কর্মসূচী পরিচালক, "নিম্ন উৎপাদনশীল ধানের জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষা কর্মসূচী" বলেন, কর্মসূচিটির মাধ্যমে নার্সভূক্ত প্রতিষ্ঠান ও বেসরকারি বীজ কোম্পানি থেকে ইনব্রিড ও হাইব্রিড ধানের বীজ নমুনা নিয়ে আউশ, আমন ও বোরো মৌসুমে পরপর দুইবার বীজ প্রত্যয়ন এজেন্সির ৭টি আঞ্চলিক অফিসের আওতায় ৭টি জেলায় উৎপাদন উপযোগিতার (Performance Test) ট্রায়াল বাস্তবায়ন করা হয়। আঞ্চলিক মূল্যায়ন দল কর্তৃক মূল্যায়নকৃত ফলাফল প্রতিবেদন 'Stability Analysis' এর মাধ্যমে সম্পন্ন করে এবং মাঠ পর্যায়ে যাচাইয়ের পর ২১টি জাতের ডিনোটিফিকেশনের প্রস্তাব করা হয়েছে। জাত গুলো হলঃ আউশ মৌসুমের ৪টি জাত (বিআর২০, বিআর২১, ব্রি ধান৪২, ব্রি ধান ৪৩); আমন মৌসুমের ৯টি জাত (বিআর ১০ (ব্রি ধান ৩০ এর অনুরূপ), বিআর ২৫, ব্রি ধান৩৭, ব্রি ধান৩৮, বিনাশাইল, বিইউ ধান ২, ব্রি ধান৬২, বিএডিসি হাইব্রিড ধান ৪, হীরা ধান ১০ (HSD-41) এবং বোরো মৌসুমের ৭টি জাত (ইরাটম ২৪, বিনা ধান ৮ (ব্রি ধান৪৭ এর অনরূপ), ব্রি হাইব্রিড ধান১, ব্রি হাইব্রিড ধান২ (ব্রি হাইব্রিড ধান৩ এর অনুরূপ), জেডএফ৩১ (হাইব্রিড), বাউ ধান ৬৩ (Maintenance Breeding কার্যক্রম বন্ধ), ব্রি ধান৬১ (Neck Blast প্রবণ, মাঠে নেই)। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০০ তম সভায় নিম্নবর্ণিত উপকমিটি গঠন করা হয়।

**উপকমিটির সদস্যগণ নিম্নরুপ:**

| ক্রঃ নং | নাম, পদবী ও ঠিকানা | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ফার্মগেট, ঢাকা | আহবায়ক |
| ২ | ড. খোন্দকার মোঃ ইফতেখারুদ্দৌলা, সায়েন্টিফিক অফিসার ও প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি), গাজীপুর | সদস্য |
| ৩ | ড. নাসরীন আক্তার আইভী, প্রফেসর, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর | সদস্য |
| ৪ | মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা | সদস্য |
| ৫ | নিরুত্তম কুমার সরকার, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ৬ | ড. হোসনেয়ারা বেগম, পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু গবেষণা ইনস্টিটিউট (বিনা), ময়মনসিংহ | সদস্য |
| ৭ | ড. মোঃ জাকির হোসেন, উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর | সদস্য |
| ৮ | প্রতিনিধি, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ঢাকা | সদস্য |
| ৯ | আহমেদ শাফী, উপপরিচালক (পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন), বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর | সদস্য সচিব |

উপকমিটির সদস্যদের উপস্থিতিতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সভা কক্ষে ১ম সভা এবং ২য় সভা যথাক্রমে ১১/০১/২০২১ এবং ১৯/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সদস্য সচিব কর্তৃক "নিম্ন উৎপাদনশীল ধানের জাত প্রত্যাহারের জন্য জাত পরীক্ষা কর্মসূচী" এর প্রতিবেদন উপস্থাপনের পর কমিটির সদস্যগণ আলোচনা করে নিম্নবর্ণিত সুপারিশ প্রণয়ন করা হয়।

১। জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০০তম সভায় উপস্থাপিত ২০টি জাত প্রত্যাহার করার পূর্বে আরও সঠিক পদ্ধতি অনুসরণপূর্বক পূণঃমূল্যায়ন করা প্রয়োজন। এ বিষয়ে এসসিএ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলোচনাপূর্বক ট্রায়াল পদ্ধতি নির্ণয় করবে।

২। এসসিএ'র পর্যবেক্ষণে বিনাধান৮ ও ব্রিধান৪৭, বিআর১০ ও ব্রিধান৩০, ব্রি হাইব্রিড ধান২ ও ব্রি হাইব্রিড ধান৩ জাতগুলোর মধ্যে morphological সমরুপতা পরিলক্ষিত হওয়ায় প্রত্যয়নকারী প্রতিষ্ঠানের পক্ষে পার্থক্য করা কঠিন হয়। এজন্য এসসিএ জাতগুলোর প্রয়োজনীয় তথ্য ও ডাটা দিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এই জাতগুলি নিয়ে আগামী ২(দুই) বছর ট্রায়াল ও অন্যান্য পরীক্ষা (জৈব ও অজৈব ঘাত সহনশীলতা, দানার গুণগতমান, DNA finger printing, ইত্যাদি) পরিচালনা করবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মতামতের ভিত্তিতে যেকোন একটি করে জাত প্রত্যাহারের বিষয় বিবেচনার জন্য কারিগরি কমিটিতে উত্থাপন করবে।

৩। পরবর্তীতে অনুরূপ কর্মসূচীর মাধ্যমে প্রত্যাহারের জন্য প্রস্তাবিত জাতসহ অন্যান্য সম্ভাব্য প্রত্যাহারযোগ্য জাত নিয়ে এসসিএ কর্তৃক গবেষণা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিজ্ঞানীদের সমন্বয়ে ট্রায়াল স্থাপন ও ফলাফল বিশ্লেষণ পরিচালনা করা।

**সিদ্ধান্ত: উপকমিটি কর্তৃক প্রণয়নকৃত সুপারিশ সমূহের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য জাতীয় বীজ বোর্ডে সপারিশ করা হলো।**

**আলোচ্য বিষয়-৭: ইনব্রিড পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণের পদ্ধতি প্রস্তুতকরণ**

নিয়ন্ত্রিত ফসলগুলোর মধ্যে পাট অন্যতম। ধান, গম ও আলুর পর আখ ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতি বা গাইডলাইন জাতীয় বীজ বোর্ডের ১০৪তম সভায় চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে।

সঠিক ও মানসম্পন্ন পাটের নতুন জাত ছাড়করণ ও প্রত্যয়নের জন্য পাট ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির সুনির্দিষ্ট কোন গাইডলাইন নাই। কারিগরি কমিটি কর্তৃক পাটের জাত মূল্যায়ন গাইডলাইন প্রণয়ন করা দরকার। সভাপতি মহোদয় এ বিষয়ে সভার সকলের মতামতের ভিত্তিতে পাটের খসড়া গাইডলাইন প্রণয়নের জন্য একটি উপকমিটি গঠন করেন।

**সিদ্ধান্ত: ইনব্রিড পাটের জাত মূল্যায়ন ও ছাড়করণ পদ্ধতির খসড়া গাইডলাইন প্রণয়নের জন্য নিম্নবর্ণিত সদস্যদের নিয়ে উপকমিটি গঠনে জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

| ক্রঃ নং | নাম | পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১ | ড. নার্গীস আক্তার | চীফ সায়েন্টিফিক অফিসার, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | আহবায়ক |
| ২ | অধ্যাপক ড. নাসরিন আক্তার আইভি | কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর | সদস্য |
| ৩ | অধ্যাপক শরীফ আর রাফি | প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| ৪ | ড. সুরজিত সাহা রায় | উপপরিচালক (বীজ ও অন্যান্য উপকরণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা | সদস্য |
| ৫ | মোঃ সামিউল হক | সিনিয়র সায়েন্টিফিক অফিসার, বাংলাদেশ পরমানু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | সদস্য |
| ৬ | ফকরুল ইসলাম | নির্বাহী পরিচালক, সীড এসোসিয়েশণ | সদস্য |
| ৭ | মোহাম্মদ শামছুর রহমান খান | উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | সদস্য সচিব |

**আলোচ্য বিষয়-৮: জাতীয় বীজ নীতি প্রনয়ণ**

১৯৯৩ সালে প্রনীত জাতীয় বীজ নীতি বর্তমানে কার্যকর রয়েছে। "সীড রেগুলেটরী রিফর্ম কমিটি" এর মাধ্যমে জাতীয় বীজ বোর্ডের ৮৮তম ও ৮৯তম সভার সিদ্ধান্ত অনুযায়ী **জাতীয় বীজ নীতির খসড়া ২০১৬** চূড়ান্তকরণ করা হয়েছিল।

জাতীয় বীজ বোর্ডের ১০৪তম সভার কার্যবিবরণীর আলোচ্য বিষয়-১১ অনুযায়ী "জাতীয় বীজ নীতি" প্রণয়নের জন্য ইতঃপূর্বে গঠিত "সীড রেগুলেটরী রিফর্ম কমিটি"কে পুণর্গঠন করে কারিগরি কমিটিতে আলোচনা করে সুপারিশসহ জাতীয় বীজ বোর্ডে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত: জাতীয় বীজ নীতি প্রনয়ণের জন্য নিম্নবর্ণিত সদস্যদের নিয়ে "সীড রেগুলেটরী রিফর্ম কমিটি" পুণর্গঠন করার জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

| ক্রঃ নং | নাম ঠিকানা | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, ঢাকা | আহব্বায়ক |
| ২ | অধ্যাপক ড. লুৎফুল হাসান, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| ৩ | অধ্যাপক ড. মোঃ শহীদুর রশিদ ভূঁইয়া, ভাইস চ্যান্সেলর, শের-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪ | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা | সদস্য |
| ৫ | পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ৬ | পরিচালক, ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | সদস্য |
| ৭ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর | সদস্য |
| ৮ | সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা | সদস্য |
| ৯ | সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা | সদস্য |
| ১০ | পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ১১ | পরিচালক (গবেষণা), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর | সদস্য |
| ১২ | পরিচালক (গবেষণা), বাংলাদেশ পারমানবিক কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ | সদস্য |
| ১৩ | পরিচালক (কৃষি), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ১৪ | মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ঢাকা | সদস্য |
| ১৫ | জনাব অনোয়ার ফারুক, প্রাক্তন সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ১৬ | জনাব মোঃ মাসুম, চেয়ারম্যান, সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড | সদস্য |
| ১৭ | ড. এস. বি. নাসীম, ম্যানেজিং ডিরেক্টর, উইন অল হাইটেক সীড কোম্পনী বাংলাদেশ লিমিটেড | সদস্য |
| ১৮ | জনাব এফ. আর. মালিক, চেয়ারম্যান, মল্লিকা সীড কোম্পানী লিমিটেড | সদস্য |
| ১৯ | জনাব মাহবুব আনাম, ম্যানেজিং ডিরেক্টর, লাল তীর সীড লিমিটেড | সদস্য |
| ২০ | জনাব মোঃ শাহজাহান আলী, সহসভাপতি বাংলাদেশে সোসাইটি অব সীড টেকনোলজী | সদস্য |
| ২১ | প্রধান বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, ঢাকা | সদস্য সচিব |

**আলোচ্য বিষয়-৯: বিবিধ-(ক) হাইব্রিড ধানের জাত মূল্যায়নের জন্য ব্যবহৃত হাইব্রিড চেক জাতের সাথে প্রস্তাবিত জাতের ট্রায়ালে Heterosis এর পরিমাণ ৫% এর স্থলে ১০% এর বেশি ফলন হলে তা নিবন্ধনের জন্য প্রস্তাবনা**

৯০তম জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বীজ বোর্ডের ৯৫তম সভায় আলোচ্য বিষয়-২ এ সিদ্ধান্ত হয় যে, হাইব্রিড ধানের জাত চেক জাত হিসেবে ব্যবহৃত হলে অবশ্যই প্রস্তাবিত হাইব্রিড ধানের ফলন চেক জাত হতে heterosis এর পরিমাণ কমপক্ষে ১০% বেশি থাকতে হবে। পরবর্তীতে জাতীয় বীজ বোর্ড এর ১০০তম সভায় চেক জাতের সাথে প্রস্তাবিত জাতের ট্রায়ালে ৫% এর বেশি ফলন হলে তা নিবন্ধনের সিদ্ধান্ত হয়। বর্তমানে ৫% heterosis এর ফলে নিম্ন ফলনশীল হাইব্রিড জাত নিবন্ধিত হচ্ছে। তাই ৫% এর স্থলে ১০% heterosis হলে কম ফলনশীল হাইব্রিড জাত নিবন্ধন রোধ করা সম্ভব হবে এবং উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্য পূরণ সম্ভব হবে। আলোচনার শুরুতে সভাপতি মহোদয় এ বিষয়ে সকলের মতামত জানতে চান। জনাব আনোয়ার ফারুক, প্রাক্তন সচিব কৃষি মন্ত্রণালয় বলেন, ইনব্রিড জাতকে হাইব্রিড জাত দিয়ে প্রতিস্থাপন করতে হবে এবং চেকজাত হিসেবে সর্বোত্তম ইনব্রিড জাত ব্যবহার করতে হবে। ড. মোঃ জাকির হোসেন প্রাক্তন অতিরিক্ত পরিচালক (সীড রেগুলেশন ও মান নিয়ন্ত্রণ) বলেন, হাইব্রিড জাত নিবন্ধনের ক্ষেত্রে চেকজাত হিসেবে সর্বোত্তম ইনব্রিড জাত ব্যবহার করলে potential হাইব্রিড জাত নিবন্ধিত হবে। ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য) বলেন, মৌসুমভিত্তিক সর্বশেষ সর্বোচ্চ উচ্চফলনশীল ইনব্রিড জাত চেকজাত হিসেবে ব্যবহার করা যেতে পারে।

**সিদ্ধান্ত:** জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ১০০তম সভায় গঠিত উপকমিটির সুপারিশ কারিগরি কমিটির ১০১তম সভায় আলোচনার ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করে অনুমোদনের নিমিত্তে জাতীয় বীজ বোর্ডে প্রেরণের সুপারিশ করা হয়।

০১। বোরো ২০২০-২১ মৌসুমে হাইব্রিড ($F_1$) এর ফলন চেক জাত (ব্রি হাইব্রিড ধান৫) এর চেয়ে ৮% বেশি হলে হাইব্রিড জাত হিসেবে নিবন্ধন করা।

০২। পরবর্তী মৌসুমগুলোতে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত সর্বোচ্চ ফলনশীল মৌসুমভিত্তিক ইনব্রিড জাতকে চেকজাত হিসেবে ব্যবহার করা এবং এর ফলন চেক জাত এর চেয়ে ২০% বেশি হলে হাইব্রিড জাত হিসেবে নিবন্ধন করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০৩/২০২০

ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ও সভাপতি
জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি

পরিশিষ্ট - ক

## জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটি ১০১তম ভার্চুয়াল সভায় উপস্থিত সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকা ঃ

স্থান ঃ ০১ নং সম্মেলন কক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), ফার্মগেট, ঢাকা।

তারিখ ঃ ২৫/০৫/২০২১ খ্রিঃ রোজ মঙ্গলবার ।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ড. শেখ মোঃ বখতিয়ার | নির্বাহী চেয়ারম্যান বিএআরসি | টেলিফোন/মোবাইল :<br>ই-মেইল | [signature] |
| ২. | ড. মোঃ আলমগীর বিশ্বাস চৌধুরী ~~সদস্য প~~ | সদস্য পরিচালক (শস্য) বিএআরসি | টেলিফোন/মোবাইল : 01552355393<br>ই-মেইল md-crops@barc.gov.bd | [signature] ২৫/০৫/২০২১ |
| ৩. | আবদুর রাজ্জাক | পরিচালক, SCA গাজীপুর | টেলিফোন/মোবাইল : 01718050904<br>ই-মেইল director.sca@gmail.com | [signature] |
| ৪. | ড. মোঃ আবু হাসান সরকার | পরিচালক (প্রশাসন ও অর্থ) বিএডিসি বীজ আলু খামার, দিনাজপুর | টেলিফোন/মোবাইল : 01912 [illegible]<br>ই-মেইল g.sarker65@gmail.com | [signature] ২৫/৫/২১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | খন্দকার আব্দুল ওয়াহেদ | পরিচালক (অব)- | টেলিফোন/মোবাইল : 01712531690<br>ই-মেইল Khandker abdul wahed @ gmail.com | [signature] ২৫/৫/২০২৩ |
| ৬. | ড. মো: আকতার হোসেন খান | প্রধান বীজ তত্ত্ববিদ কৃষি মন্ত্রণালয় | টেলিফোন/মোবাইল : 01745041415<br>ই-মেইল cst@moa.gov.bd | [signature] ২৫/৫ ২০২৩ |
| ৭. | মোহাম্মদ আবদুল কাদির | উপপরিচালক (বীজ রেজিস্ট্রেশন) | টেলিফোন/মোবাইল : 01714547023<br>ই-মেইল Kbdkadir@gmail.com | [signature] ২৫/৫/২০২৩ |
| ৮. | [illegible] আরা বেগম | [illegible] ([illegible]) [illegible] [illegible] ঢাকা | টেলিফোন/মোবাইল : 01711160259<br>ই-মেইল | [signature] |
| ৯. | মোহাম্মদ মাসুদুর রহমান খান | উপপরিচালক (মান নিয়ন্ত্রণ) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | টেলিফোন/মোবাইল : 01552483045<br>ই-মেইল dd.qc.sca@gmail.com | [signature] |
| ১০. | রেবেকা পারভীন | ADD(SR & QC), SCA, Gazipur | টেলিফোন/মোবাইল : 01742413244<br>ই-মেইল rebeka.sau@gmail.com | [signature] |
| ১১. | পাপি রানী রায় | নমুনা সংগ্রহ অফিসার, SCA, Gazipur | টেলিফোন/মোবাইল : 01740053231<br>ই-মেইল : popyroy31@gmail.com | [signature] ২৫/৫/২০২৩ |
| ১২. | | | টেলিফোন/মোবাইল :<br>ই-মেইল : | |

পরিশিষ্ট-১৫

বিষয়: ২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ১৭টি এবং ২০১৭-১৮, ২০১৮-১৯ ও ২০১৯-২০ বোরো মৌসুমে ট্রায়ালকৃত ২টি হাইব্রিড জাতের নিবন্ধনের সুপারিশ করা হলো।

| ক্র: নং: | প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | সুপারিশকৃত অঞ্চল | গড় ফলন (মে.টন/হে.) চেক জাতের: প্রস্তাবিত জাতের: | গড় জীবনকাল (দিন) চেক জাতের: প্রস্তাবিত জাতের: | প্রস্তাবিত জাতের বিশেষ বৈশিষ্ট্য | উৎস | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লি. | পেট্রোকেম হাইব্রিড ধান৬ (ARBH 18030) | ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.৪ | ১৪৪<br>১৪৭ | ধান মাঝারি চিকন | ভারত | |
| ০২ | পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লি. | পেট্রোকেম হাইব্রিড ধান৫ (Pioneer 27P37) | ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ৭.২<br>৮.২ | ১৪৪<br>১৫০ | ধান মাঝারি মোটা | ভারত | |
| ০৩ | থ্রি এস এগ্রো সার্ভিসেস লি. | থ্রি এস হাইব্রিড ধান১ (SAVA-23) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.৭ | ১৪৪<br>১৪১ | চিকন ধান, ব্লাস্ট প্রতিরোধী | ভারত | |
| ০৪ | থ্রি এস এগ্রো সার্ভিসেস লি. | থ্রি এস হাইব্রিড ধান২ (SAVA-81) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.৬ | ১৪৪<br>১৪৪ | ধান মাঝারি চিকন, ব্লাস্ট প্রতিরোধী | ভারত | |
| ০৫ | ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লি. | ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৫ (Bango Raj) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.২ | ১৪৪<br>১৪২ | ধান মাঝারি চিকন | চীন | |
| ০৬ | মাহিকো বাংলাদেশ প্রাইভেট লি. | মাহিকো হাইব্রিড ধান৫ (RXEL 45) | খুলনা, চট্টগ্রাম ও রংপুর | ৭.২<br>৮.৭ | ১৪৪<br>১৪৩ | ধান মাঝারি মোটা | ভারত | ১০৩ তম NSB তে মাহিকো হাইব্রিড ধান৪ নিবন্ধিত হয়েছে। |
| ০৭ | লালতীর সীড লি. | লালতীর হাইব্রিড ধান৩ (LTHR-2) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৭.৮ | ১৪৪<br>১৪২ | ধান লম্বা ও মোটা | নিজস্ব উদ্ভাবিত | |
| ০৮ | লালতীর সীড লি. | লালতীর হাইব্রিড ধান৪ (LTHR-3) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.৬ | ১৪৪<br>১৪৫ | ধান মাঝারি চিকন | ভারত | |
| ০৯ | পারটেক্স এগ্রো লি. | পারটেক্স হাইব্রিড ধান৭ (JKRH-09) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.৭ | ১৪৪<br>১৪২ | চিকন ধান | ভারত | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১০ | পারটেক্স এগ্রো লি. | পারটেক্স হাইব্রিড ধান৮ (ARBH 18001) | চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ৭.২<br>৮.৪ | ১৪৪<br>১৪৫ | চিকন ধান | ভারত | |
| ১১ | ব্রাক | ব্রাক হাইব্রিড ধান১৭ (BHR-049) | চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ৭.২<br>৮.৫ | ১৪৪<br>১৪২ | চিকন ধান ও অ্যামাইলোজ ২৫.৪৭% | নিজস্ব উদ্ভাবিত | ১০৩ তম NSB তে ব্রাক হাইব্রিড ধান১৬নিবন্ধিত হয়েছে। |
| ১২ | সুপ্রিম সীড কোম্পানি লি. | সুপ্রিম হাইব্রিড ধান১২ (Hira27, RRX-336) | চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ৭.২<br>৮.১ | ১৪৪<br>১৪৫ | চিকন ধান ও অ্যামাইলোজ ২৪% | ভারত | |
| ১৩ | মিতালী এগ্রো সীড ইন্ডাস্ট্রিজ | মিতালী এগ্রো হাইব্রিড ধান৪ (Shuborno-4, SHD-1390) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৮.৫ | ১৪৪<br>১৪১ | চিকন ধান | নিজস্ব উদ্ভাবিত | 'এগ্রো' শব্দটি নতুনভাবে সংযোজন প্রয়োজন। |
| ১৪ | ব্যাগরো কোম্পানি লি. | ব্যাগরো হাইব্রিড ধান২ (প্রজাপতি KPHB02) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.২<br>৭.৭ | ১৪৪<br>১৪৫ | মোটা ধান | ভারত | |
| ১৫ | এক্সপ্লোর বিজনেস লি. | এক্সপ্লোর হাইব্রিড ধান৩ (Indam 300-007) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.১<br>৮.৫ | ১৪৪<br>১৪৩ | বিএলবি সহনশীল | ভারত | |
| ১৬ | এসিআই ফর্মুলেশন লি. | এসিআই ফর্মুলেশন হাইব্রিড ধান৪ (BH 81) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.১<br>৮.৪ | ১৪৪<br>১৪৬ | চিকন ধান | নিজস্ব উদ্ভাবিত | |
| ১৭ | মল্লিকা সীড কোম্পানি লি. | মল্লিকা হাইব্রিড ধান৪ (FL-210) | ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর ও বরিশাল | ৭.১<br>৮.৫ | ১৪৪<br>১৪৬ | ধান মাঝারি মোটা | চীন | |
| ১৮ | বায়ার ক্রপ সাইন্স লি. | বায়ার হাইব্রিড ধান৭ (অ্যারাইজ® এজেড ৬৪৫৩ এস টি) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.৩<br>৮.৪ | ১৪৪<br>১৪০ | বিএলবি প্রতিরোধী, লম্বা ও চিকন ধান | ভারত | সংযুক্ত আবেদন পত্রের আলোকে পরিবর্তন করা হয়। |
| ১৯ | ন্যাশনাল এগ্রি কেয়ার ইমপোর্ট এন্ড এক্সপোর্ট লি. | ন্যাশনাল এগ্রি কেয়ার হাইব্রিড ধান৬ (Janak Raj-3) | চট্টগ্রাম, খুলনা ও রংপুর | ৭.৩<br>৯.১ | ১৪৪<br>১৪০ | ব্লাস্ট ও বিএলবি সহনশীল | চীন | |

প্রস্তাবিত জাতসমূহের বিস্তারিত তথ্য পাওয়ার পর জাতীয় বীজ বোর্ডের সভায় উপস্থাপন করা যেতে পারে।